

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০১৭-৭৭৩

তারিখঃ ২৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের স্মারক নং বিএনএমসি/ প্রশা-৪৮(৮)/২০১৭-৬১৯, তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ মোতাবেক জারিকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী কাউন্সিলের অধীনে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি, ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের (নিয়মিত/অনিয়মিত) শিক্ষার্থীদের কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ শুক্রবার। কাউন্সিলের অধিভুক্ত প্রতিষ্ঠানকে যথারীতি অনলাইনে পরীক্ষার আবেদন ফরম পূরণ করে সকল কাগজপত্র ও ফি-সহ হার্ড কপি কাউন্সিলে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদন ফরম কাউন্সিলে জমার পর চূড়ান্ত সময়-সূচি, পরীক্ষা কেন্দ্র ও প্রবেশপত্র ইস্যু সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। অনিবার্য কারণবশতঃ উক্ত পরীক্ষার ফরম পূরণের তারিখ বর্ধিত করা হলো।

সংশোধিত নিয়মাবলীঃ

১. অনলাইনে আবেদন ফরম পূরণ শুরু ০১-১২-২০১৭খ্রিঃ সকাল ০৮.০০ ঘটিকা হতে ০৪-০১-২০১৮খ্রিঃ বৃহস্পতিবার বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত।
২. আবেদনের হার্ড কপি (ফরমে বর্ণিত কাগজপত্রসহ) কাউন্সিলে জমার সর্বশেষ তারিখ ০৪-০১-২০১৮খ্রিঃ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।
৩. পরীক্ষার ফি জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা।
৪. বিলম্ব ফি জনপ্রতি ১০০/- (একশত) টাকা।
৫. সকল পরীক্ষার্থীর ফি একত্রে “বাংলাদেশ নার্সিং কাউন্সিল” এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ, পরীক্ষার্থীর পূর্ণ তালিকা অগ্রবর্তী পত্রের সাথে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

অনলাইনে ফরম পূরণের পদ্ধতিঃ

৬. পরীক্ষার ফরম পূরণকালে স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ ইনচার্জ কর্তৃক গোপন নম্বর (User ID ও Password) এর মাধ্যমে Student Registration Data Base এ প্রবেশ করে Comprehensive Examination Form পূরণ করবেন।
৭. পরীক্ষার ফরম পূরণের সময় (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম, (২) Student Registration Number লিখে ও (৩) কোর্সের নাম (নির্বাচন) সিলেক্ট করে সার্চ করলে শিক্ষার্থীর তথ্যাদি পাওয়া যাবে এবং একাধিক পরীক্ষার মাস-সন প্রদর্শিত হবে।
৮. Student Registration Data Base থেকে একটি ফরম পূরণ হয়ে আসবে, উক্ত ফরমের নিচের অংশে “প্রার্থীর স্ক্যান করা স্বাক্ষর ও অধ্যক্ষের সীল মোহরসহ স্ক্যান করা স্বাক্ষর” আপলোড করতে হবে এবং তার নিচের অংশে সংশ্লিষ্ট পরীক্ষার মাস ও সন Select করে আবেদন Submit দিলে ফরম পূরণ সম্পন্ন হবে।
৯. ফরম পূরণে ভুল হলে তাৎক্ষণিকভাবে কাউন্সিলে যোগাযোগ করার অনুরোধ করা যাচ্ছে।

বিঃ দ্রঃ অধ্যক্ষগণ Best Answer (চারটি সঠিক উত্তরের মধ্যে সর্বোচ্চ সঠিক উত্তর) ৪০টি ও পূর্বের ন্যায় পাঁচটি সত্য-মিথ্যা ৬০টি মোট ১০০টি উত্তর পত্রসহ নমুনা প্রশ্ন ফরমের সাথে গোপনীয়ভাবে পাঠাতে হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি - বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং . . . উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাপকম . . .।
৫. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ ইনস্টিটিউট,
৬. হিসাব শাখা, বিএনএমসি।
৭. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি-ওয়েব সাইটে প্রকাশের জন্য (আইটি সহায়তার জন্য-০১৭৩৮-০৩০ ১৫৩)।
৮. জনাব/ বেগম